# কৃষ্ণনগর হাই স্কুল

## কৃষ্ণনগর, নদিয়া

**পঞ্চম শ্রেণিতে ভর্তি-সংক্রান্ত বিজ্ঞপ্তি**

৪ নভেম্বর, ২০২৫

- ২০২৬ শিক্ষাবর্ষে এই বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন কেবল অনলাইনেই করা যাবে। www.krishnagarhighschool.org হল আমাদের ওয়েবসাইট।

- অনলাইনে আবেদন করার তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০২৫, বেলা ১১-০০ টা থেকে
  ০৪ ডিসেম্বর, ২০২৫, বেলা ১-০০ টা পর্যন্ত।
  (নির্দিষ্ট সময় এবং নির্দিষ্ট দিনের আগে বা পরে করা আবেদন বৈধ নয়।)

- অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পর আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দেওয়ার তারিখ ঃ ০৩ ডিসেম্বর এবং ০৪ ডিসেম্বর, ২০২৫, বেলা ১১-০০ টা থেকে বেলা ৩-০০ টে পর্যন্ত।
  (নির্দিষ্ট সময় এবং নির্দিষ্ট দিনের আগে বা পরে আবেদনপত্র জমা নেওয়া হবে না।)

- আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের ফটোকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে।
  আবেদনপত্রের সাথে ৫০ টাকা জমা দিতে হবে।

- বিদ্যালয়-কর্তৃপক্ষ দ্বারা স্বাক্ষরিত আবেদনপত্রের হার্ডকপির নীচের অংশটি প্রাপ্তি-রসিদ বলে গণ্য হবে এবং ওই অংশে উল্লিখিত সংখ্যাটি দিয়ে ভর্তির জন্য লটারি করা হবে। লটারি হবে ১৫ ডিসেম্বর, ২০২৫, (সোমবার) বেলা ১১-৪৫ মিঃ। সরকারি নির্দেশ অনুযায়ী আসন সংরক্ষণের ব্যবস্থা থাকবে।

- কৃষ্ণনগর হাইস্কুল, প্রাথমিক বিভাগের ছাত্রদের অভিভাবকদের কাছ থেকে বাৎসরিক প্রদেয় অর্থ জমা নেওয়া হবে ১১ ডিসেম্বর, ২০২৫ (বৃহস্পতিবার), বেলা ১১-১৫ মিঃ থেকে বেলা ১২-৪৫ মিঃ পর্যন্ত।

- লটারিতে নাম ওঠা ছাত্রদের অভিভাবকদের কাছ থেকে বাৎসরিক প্রদেয় অর্থ জমা নেওয়া হবে ১৭ ডিসেম্বর, ২০২৫ (মঙ্গলবার), বেলা ১১-১৫ মিঃ থেকে বেলা ১২-৪৫ মিঃ পর্যন্ত।
- **প্রদেয় অর্থের পরিমাণ ৭৫০ টাকা।**
- **মনে রাখতে হবে, টাকা জমা দেওয়া মানেই ভর্তি হওয়া নয়। প্রাথমিক বিদ্যালয় থেকে আনা অনলাইন ট্রান্সফার সার্টিফিকেট জমা দিয়ে অভিভাবক/অভিভাবিকা ভর্তির খাতায় স্বাক্ষর করলে তবেই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।**

- ভর্তি-সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তিগুলি বিদ্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হবে এবং সম্ভব হলে বিদ্যালয়ের ওয়েবসাইট www.krishnagarhighschool.org এ প্রকাশ করা হবে।

- ২০২৬ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য ছাত্রের জন্ম তারিখ হতে হবে ২ জানুয়ারি, ২০১৫ থেকে ১ জানুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে।
  **(২০২৬ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য ছাত্রের বয়স ১ জানুয়ারি, ২০২৬ তারিখে ১০ বছর পূর্ণ হতে হবে, কিন্তু ১১ বছরের কম হতে হবে।)**

প্রধান শিক্ষক
কৃষ্ণনগর হাই স্কুল
কৃষ্ণনগর, নদিয়া

অনলাইন ফর্ম ফিল-আপ করার সময় নিম্নলিখিত জিনিসগুলি হাতের কাছে রাখতে হবে

১. ছাত্রের পাসপোর্ট সাইজ ছবি (সাদা জামা পরে)
২. ছাত্রের বার্থ সার্টিফিকেট
৩. কাস্ট সার্টিফিকেট, যেক্ষেত্রে প্রযোজ্য
৪. ছাত্রের আধার কার্ড, যদি থাকে
৫. প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্র
৬. Economically Weaker Section (EWS) সার্টিফিকেট, যেক্ষেত্রে প্রযোজ্য

অনলাইন ফর্মের হার্ডকপির সাথে নিম্নলিখিত কাগজপত্র বিদ্যালয় কার্যালয়ে জমা দিতে হবে

(অ্যাটেস্টেড করানোর দরকার নেই)

১. ছাত্রের বার্থ সার্টিফিকেটের ফটোকপি
২. তপশীলি জাতি/ উপজাতি/ অনগ্রসর শ্রেণিভুক্তির/ প্রতিবন্ধীর প্রমাণপত্রের ফটোকপি, যেক্ষেত্রে প্রযোজ্য
৩. আধার কার্ডের ফটোকপি, যদি আধার কার্ড থাকে
৪. বাসস্থানের প্রমাণপত্র হিসাবে ছাত্রের বাবার ভোটার কার্ড/আধার কার্ডের ফটোকপি
৫. Economically Weaker Section (EWS) সার্টিফিকেট, যেক্ষেত্রে প্রযোজ্য

- ***মনে রাখতে হবে যে, আবেদনপত্রে SC/ST/OBC/CWSN/EWS ইত্যাদি উল্লেখ করে সংরক্ষণের সুবিধা নিতে চাইলে, এগুলির স্বপক্ষে অতি অবশ্যই সরকার-নির্ধারিত প্রামাণ্য নথিপত্র জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।***
- ***নির্দিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সার্টিফিকেট না থাকলে কেউ EWS (Economically Weaker Section) হিসাবে ফর্ম ফিল-আপ করবেন না।***
- ***Revalidated Certificate না থাকলে কেউ OBC হিসাবে সংরক্ষণের সুবিধা পাবেন না।***

আমাদের ওয়েবসাইট www.krishnagarhighschool.org